



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd

স্মারক নং- ৫৭.১৬.০০০০.০০৬.৩৩.০০১.২০-৩১১

তারিখ: ০৩/০৩/২০২৫ খ্রি.

জরুরি বিজ্ঞপ্তি

বিষয়: ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে আলিম (পরীক্ষা-২০২৫) এর রেজিস্ট্রেশন হতে বাদ পড়া শিক্ষার্থীদের ম্যানুয়াল পদ্ধতিতে রেজিস্ট্রেশন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে অত্র বোর্ডের আওতাধীন আলিম পর্যায়ের মাদ্রাসায় ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে আলিম (পরীক্ষা-২০২৫) এর যে সকল পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন সম্পন্ন হয়নি সে সকল বাদপড়া শিক্ষার্থীদের বিশেষ বিবেচনায় ম্যানুয়াল পদ্ধতিতে রেজিস্ট্রেশনের জন্য ০৪/০৩/২০২৫ খ্রি. থেকে ১৬/০৩/২০২৫ খ্রি. তারিখের মধ্যে নিম্নোক্ত কাগজপত্রসহ মাদ্রাসার মাধ্যমে সরাসরি অত্র বোর্ডের আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

ম্যানুয়াল রেজিস্ট্রেশনের প্রয়োজনীয় ডকুমেন্টঃ

১. মাদ্রাসার প্যাডে প্রতিষ্ঠান প্রধানের রেজিস্ট্রার বরাবর লিখিত আবেদন;
২. দাখিল পাশের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও তার ফটোকপি;
৩. পাসপোর্ট সাইজের ছবি-০২ কপি (মূল ট্রান্সক্রিপ্টের সাথে-১টি ও তার ফটোকপির সাথে-১টি);
৪. রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড-এর অনুকূলে সোনালী ব্যাংকের যে কোন শাখায় রেজিস্ট্রেশন ফি (নিয়মিত শিক্ষার্থীর ৬৮৫/- টাকা ও অনিয়মিত শিক্ষার্থীর ৮৩৫/- টাকা) জমার পে-অর্ডার/ ডিমান্ড ড্রাফট;
৫. রেজিস্ট্রেশনের আবেদনকৃত শিক্ষার্থীর বিভাগ ও ৪র্থ বিষয় উল্লেখপূর্বক প্রস্তুতকৃত টটলিস্ট।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



(প্রফেসর মোঃ আশুদুই ছাত্তার মিয়া)

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

ফোনঃ ০২-৫৮৬১০২০০

প্রাপকঃ

অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ (সকল)

অত্র বোর্ডের আওতাধীন আলিম পর্যায়ের মাদ্রাসা




তারিখ: ০৩/০৩/২০২৫ খ্রি:

স্মারক নং ৫৭.১৬.০০০০.০০৬.৩৩.০০১.২০-৩১১

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি বিতরণ:

- ০১। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
- ০২। পরামর্শক, কম্পিউটার কেন্দ্র, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
- ০৩। প্রোগ্রামার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)
- ০৪। পিএ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
- ০৫। অফিস কপি।



(মোঃ জিয়াউর রহমান)

উপ-রেজিস্ট্রার (কমন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

ফোনঃ ০২-২২৩৩৬৫৪০৩

